

ম্যানেজিং কমিটি নিয়ে জটিলতা

চান্দিনায় শিক্ষক-কর্মচারীদের দুই মাস ধরে বেতন বন্ধ

চান্দিনা (কুমিল্লা) সুবোধনমাজ

কুমিল্লার চান্দিনা ডা. বিরোজা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ নিয়ে জটিলতায় শিক্ষক-কর্মচারীদের ২ মাস ধরে বেতন-ভাতা বন্ধ রয়েছে। এতে শিক্ষক-কর্মচারীরা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

২০১২ সালের ৮ আগস্ট বিদ্যালয়ের কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়। বোর্ডের নিয়মানুসারে কমিটির এক মাস মেয়াদ থাকার আগেই ২ জুলাই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের পর প্রথম সভায় এপিএম সিরাজুল ইসলামকে সভাপতি করে জাহিদুল ইসলাম, শহীদ, শাহজাহান, রুমা সরকার ও জাকিরকে সদস্য করে নতুন কমিটি গঠন করা হয়। বিদ্যালয়ের ডায়রেক্টর প্রধান শিক্ষক নূরজাহান বেগম একই মাসের ৫ জুলাই অনুমোদনের জন্য কাগজপত্র কুমিল্লা শিক্ষা বোর্ডে জমা দেন। এটিকে নির্বাচনে অংশগ্রহণকারী এক সদস্য নির্বাচন সূচী ও নিরপেক্ষ হয়নি বলে বোর্ডে একটি অভিযোগ দায়ের করেন। এ কারণে নতুন কমিটি অ্যাজেন্ডা অনুমোদন পায়নি।

অপরদিকে নির্বাচনের পর পরিচালনা পর্ষদ ও শিক্ষকদের মধ্যে কোনো সভা না হওয়াতে ইস্যু করে সাবেক সভাপতি সৈয়দ ফয়েজুর রহমান বিদ্যালয়ের ১৪ জন শিক্ষকসহ দুই কর্মচারীর বেতন-ভাতা ২ মাস বন্ধ করে রেখেছেন। ডায়রেক্টর প্রধান শিক্ষক নূরজাহান বেগম জানান, নিয়মানুসারে পরিচালনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পর পুরান কমিটি নিয়ে কোনো সভা করা যায় না। অপরদিকে অজ্ঞাত কারণে নতুন কমিটিরও বোর্ড অনুমোদন নিচ্ছে না। যার ফলে তিনি কোনো সভা আহ্বান করতে পারছেন না। সাবেক সভাপতি সৈয়দ ফয়েজুর রহমান জানান, তিনি শিক্ষকদের বেতন বন্ধ রাখেননি। প্রধান শিক্ষক কোনো মিটিং না দেয়ায় তিনি সেনালী ব্যাংক চান্দিনা শাখার ব্যবস্থাপককে বিদ্যালয়ের একাউন্ট থেকে কোনো টাকা উত্তোলন করতে না দেয়ার জন্য অবহিত করেছেন।